দৈনিক
ইত্তেফাক

তারিখ ২3 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

# সরকারি কর্মকর্তাদের অনেকেই রক্ষক না হয়ে ভক্ষক হয়েছেন
## ------- দুদক চেয়ারম্যান

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি কর্মকর্তাদের জনগণের সেবক হিসেবে কাজ করার কথা থাকলেও তাদের মধ্যে জনগণের প্রভু হওয়ার প্রবণতা বেশি বলে মন্তব্য করেছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ। গতকাল মঙ্গলবার রাজধানীর ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে 'দুর্নীতি ও উন্নয়ন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

দুদক চেয়ারম্যান বলেন, 'সরকারি কর্মকর্তাদের পৃষ্ঠা ১৯ কলাম ৫

## সরকারি কর্মকর্তাদের

২০ পৃষ্ঠার পর

অনেকই জনগণ ও দেশের রক্ষক না হয়ে ভক্ষক হয়েছেন। কেউ কেউ চাকরি পাওয়ার পরই দোকান খুলে বসছেন। জনগণকে খরিদ্দার বিবেচনা করে অর্থের বিনিময়ে সেবা দিতে চান আর বেতনটাকে চাকরির প্রাপ্তি মনে করেন। এ অবস্থার জন্য সরকারি পদ্ধতি দায়ী। তাই সরকারি কার্যক্রমের পদ্ধতিতে পরিবর্তন জরুরি।' দুদক চেয়ারম্যান আরো বলেন, দুর্নীতির মূলে রয়েছে সরকারি কর্মকর্তাদের স্বেচ্ছাধীন ক্ষমতা। তাই এই ক্ষমতা সীমিত করে দেওয়া উচিত। তিনি বলেন, রাজনৈতিক নেতৃত্ব স্বপ্ন দেখাবেন আর প্রজাতন্ত্রের কর্মচারী সেই স্বপ্ন বাস্তবায়ন করবেন। যদি সরকারি কর্মকর্তাদের স্বচ্ছতা ও জবাবদিহিতা না থাকে তবে রাজনৈতিক নেতাদের স্বপ্ন বাস্তবায়িত হবে না।

ইকবাল মাহমুদ বলেন, ভয় দিয়ে মানুষের হৃদয়কে যেমন জয় করা যায় না, তেমনি দুর্নীতিকেও দমন করা যায় না। দুর্নীতিকে দমন করতে হলে দুর্নীতির বিরুদ্ধে মানুষকে সচেতন করে তাদের হৃদয় জয় করতে হবে। তিনি বলেন, দেশের সরকারি-বেসরকারি প্রতিটি সেক্টরেই দুর্নীতি রয়েছে। মূল্যবোধহীন উন্নয়ন অর্থহীন। দুর্নীতিই হচ্ছে উন্নয়নের প্রধান অন্তরায়। আমাদের প্রয়োজন জ্ঞানসমৃদ্ধ ও মূল্যবোধ সম্পন্ন মানবসম্পদ।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. সালাউদ্দিন এম. আমিনুজ্জামান। তিনি বলেন, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নের প্রধান অন্তরায় হচ্ছে দুর্নীতি। দুর্নীতির কারণে সরকারের প্রতি জনগণের আস্থা হ্রাস পায়। ফলে উৎপাদন, প্রশাসনিক দক্ষতা ও আইনের শাসন নিম্নগামী হয়। সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারম্যান শেখ কবির হোসেন।